



মিরসরাইয়ে খেজুরগাছ থেকে পড়ে শিবির নেতার মৃত্যু



সংগৃহীত ছবি

মিরসরাইয়ের কাটাছরা ইউনিয়নে খেজুরগাছের ডগায় কাজ করতে গিয়ে পড়ে সাইফুল্লাহ মুনাওয়ার (১৬) নামে এক কিশোরের মৃত্যু হয়েছে। তিনি স্থানীয় ৬ নম্বর ওয়ার্ড শিবিরের সভাপতি এবং সুফিয়া নুরীয়া ফাজিল মাদরাসার আলিম প্রথম বর্ষের ছাত্র ছিলেন।

বৃহস্পতিবার (২০ নভেম্বর) বামনসুন্দর এলাকায় সকালে গাছে ওঠার পর তিনি নিখোঁজ হন। পরে পরিবারের সদস্যরা তাকে পুকুরে ভাসমান অবস্থায় দেখে উদ্ধার করে হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

চিকিৎসকদের মতে, উচ্চতা থেকে পড়ে বৃকে আঘাত পাওয়াই মৃত্যুর কারণ। পুলিশ জানায়, মরদেহ উদ্ধার করে প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে।

LENS ASIA